উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

:-নোটিশ-:

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২০- ৬২৮

তারিখঃ ২৪.০৭.২০২২ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের জুলাই/২০২২ মাসের মাসিক সাধারণ সভা আগামী ২৮ জুলাই ২০২২ খ্রি: রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

সভার আলোচ্য সূচীঃ

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। হাটবাজার বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৫। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৬। বিবিধ আলোচনা।

২৪/০৭/২২
(মাহমুদা বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২০- ৬২৮

তারিখঃ ২৪.০৭.২০২২ খ্রি.

বিতরণকার্যার্থেঃ -

........................................................ (সংশ্লিষ্ট সকল)

কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৯ , নেত্রকোণা-৩ (কেন্দুয়া-আটপাড়া নির্বাচনী এলাকা)।
২। জেলা প্রশাসক,নেত্রকোণা।

২৪/০৭/২২
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

**উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর জুলাই ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
সভার তারিখ : ২৮ জুলাই ২০২২ খ্রি. সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ **পরিশিষ্ট**: ক- দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দঃ **পরিশিষ্ট**: খ- দ্রষ্টব্য

**উপজেলা পরিষদ** সভার সভাপতি চেয়ারম্যানবৃন্দ ও সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর অদ্যকার সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবনের গেইট, বাসার কেচিগেইট উপজেলা নির্বাহী অফিসারের শারীরিক নিরাপত্তার কাজে নিয়োজিত আনসার সদস্যদের জন্য বাসবভনের সম্মুখে নিরাপত্তার গোল ঘর ও বাসভবনের গেইট হতে বাসা এবং গ্যারেজ পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ করা জরুরী প্রয়োজন। তাই উক্ত কাজগুলো সম্পন্ন করার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ব্যয়ের অনুমতি প্রদানের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ হতে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদনের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয় বরাবরে প্রাক্কলন প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ২. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, অত্র উপজেলায় ৬৩টি রাস্তা আইডিভূক্ত করার জন্য সভায় প্রস্তাব করেন। তিনি আরো বলেন যে, রাস্তাগুলো আইডিভূক্ত হলে উপজেলার যোগাযোগ ব্যবস্থা উন্নত হবে। অফিসের কাজকম স্বাভাবিক রয়েছে মর্মে সভায় জানান।<br>তিনি আরো বলেন যে, উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে গৃহীত পিআইসি প্রকল্প পাইকুড়া ইসলাম উদ্দিন সাহেবের পুকুরের পাশে রাস্তায় গাইড ওয়াল নির্মাণ অতিবৃষ্টি ও বন্যার কারণে ২০২১-২২ অথবছরে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বিধায় উন্নয়ন তহবিলের উপরোক্ত পিআইসি প্রকল্পের কাজ ২০২২-২৩ অথবছরে বাস্তবায়ন ও বিল পরিশোধের প্রস্তাব করেন। | রাস্তাগুলো আইডিভুক্ত করার প্রস্তাব উদ্ধতন কর্তৃপক্ষের বরাবরে প্রেরণে জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (রাস্তার তালিকা সংযুক্ত) উপজেলা প্রকৌশলী (এলজিইডি) প্রকল্পের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী (এলজিইডি |
| ৩. | উপজেলা কৃষি বিভাগ | ০১.নিয়মিত কার্যক্রম : চলতি খরিফ-১ মৌসুমে ৪০০ হেক্টর জমিতে আউশ ধান, ৫৫০ হেক্টর জমিতে পাট ও ৭৫০ হেক্টর জমিতে সবজি আবাদ হয়েছিল। কিন্তু অতি বৃষ্টি ও উজানের পাহাড়ী ঢলে ১০০ হেক্টর জমির ধান, ২০০ হেক্টর জমির সবজি ও ১৫ হেক্টর জমির পাট নিমজ্জিত হয়ে সম্পূর্ণ নষ্ট হয়ে যায়। নিবিড় তত্ত্বাবধানের দরুণ মাঠে বালাই পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। বর্তমানে সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক রাখতে মনিটনিং কার্যাক্রম চলমান এবং কোন প্রকার সংকট নেই।<br>০২.উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিষয়: অত্র উপজেলায় বিভিন্ন ফসলে আধুনিক জাত সম্প্রসারণের জন্য চলতি খরিফ-২ মৌসুমে ব্রিধান ৭৯, ব্রিধান ৮০, ব্রিধান ৮৭, ব্রিধান ৭৫, বিনা ধান ৬, বিনা ধান ৪, আমন হাইব্রিড সহ অন্যান্য আধুনিক জাত চাষ করা হয়েছে।<br>এছাড়া পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন, মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোষ্ট ও ট্রাইকো কম্পোষ্ট সার উৎপাদন ব্যবহার ও কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>০৩. কৃষি প্রণোদনা কার্যাক্রম: ২০২২-২৩ অর্থ বছরে খরিফ-২ মৌসুমে কৃষি প্রণোদনা কার্যাক্রমরে আওতায় ১৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে আমন ফসলের বিনামূল্যে নাবী জাতের ধান বীজ ও সার বিনামূল্যে বিতরণ করা হয়েছে মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, গত ২৩ জুলাই থেকে ৭ দিনব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ এর কর্মসূচী অনুষ্ঠিত হয়ে আসছে। এই মৎস্য সপ্তাহের ১ম ও ২য় দিনের কর্মসূচীতে আপনারা অনেকেই অংশগ্রহন করে অনুষ্ঠান ২টিকে আরও সুন্দর করেছেন। তিনি আরও বলেন | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | যে, সাকার ফিশ যা দেশীয় প্রজাতির মাছের জন্য হুমকি স্বরূপ। এটি শুরুতে শুধু অ্যাকুরিয়ামে দেখা গেলেও বর্তমানে এটি নদী-নালা, খাল-বিল এবং চাষের পুকুরে চাষকৃত মাছের সাথে ব্যাপকভাবে ধরা পড়ছে মর্মে বিভিন্ন প্রতিবেদনে দেখা যায়।এই দেশীয় প্রজাতির মাছের সাথে খাদ্য ও বাসস্থান নিয়ে প্রতিযোগিতা করে মাছের ডিম ও রেণু ভক্ষণ করে মাছের বংশবিস্তারে ক্ষতিকর প্রভাব ফেলে। সর্বপরি জলজ জীববৈচিত্র্য নষ্ট করে। সাকার ফিশ পরিবেশের সহনশীল খাদ্যশৃঙ্খল নষ্ট করে। উন্মুক্ত বা বদ্ধ জলাশয়ে পাওয়া গেলে সাথে সাথে নিরাপদ নিষ্পত্তির মাধ্যমে বিনষ্ট করতে হবে। উপজেলা বিভিন্ন জলাশয়ে অবৈধভাবে মাছ ধরার প্রবণতা ইদানীং প্রচুর দেখা যাচ্ছে। এমতাবস্থায়, মোবাইল কোর্ট পরিচালনায় উপজেলা প্রশাসন ও পুলিশের সহযোগিতা কামনা করেন। | ২ | |
| ৫. | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প : কর্মকর্তা সভায় জানান যে, হাসপাতালে ১০০ বেডের জন্য মাননীয় এমপি স্যারের কাছে আবেদন করেন। ১০০ বেড করার জন্য চেষ্টা চলমান আছে। করোনা বুস্টার ডোজের জন্য ইউপি চেয়ারম্যান, ইউপি সদস্যসহ সকলের সহযোগিতা চান। সকলের সহযোগিতার মাধ্যমে ভ্যাকসিন ক্যাম্পেইন সফল হবে বলে সভায় জানান। | | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ৬. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সভায় জানান যে, উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের প্রবেশ মুখের দুধের বাজার কোনো স্বাস্থ্যকর পরিবেশে স্থানান্তর। অফিসের ভিতরে নিচু জায়গায় মাটি ভরাটের জন্য উপজেলা পরিষদ হতে বরাদ্দ প্রদান। ঘাস চাষের প্রতি মানুষকে উৎসাহ প্রদান। তিনি তার অফিসের পুরাতন জরাজীর্ণ ভবন ভাঙানের জন্য প্রস্তাব করেন। | | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৭. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, অত্র কার্যালয়ের আওতায় বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতার কার্যক্রম শেষ হয়েছে বর্তমানে যে সকল ইউনিয়নে মৃত ভাতাভোগী আছে সেগুলোর প্রতিস্থাপন কার্যক্রম চলমান আছে। এছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৮. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, গন্ডা, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলায় মোট জনসংখ্যাঃ ৩,৩৪,০৪১ তার মধ্যে পুরুষ- ১,৭৩,৮০৯ এবং মহিলা- ১,৬৬,৬০২ জন। উপজেলার আয়তন: ৩০৩.৭২, প্রতি বর্গ কি.মি জনসংখ্যার হার: ১০৯৮, উপজেলার মোট সক্ষম দম্পতি: ৫৯,৭৯৬। খাবার বড়ি গ্রহণকারী ২৭০৩০ হার ৪৫.৫%। ইনজেকটেবলস গ্রহণকারী ৬২৭৬ হার ১০.৪৯%। কনডম গ্রহণকারী ২,০৫১ হার ৩.৪২%। আই ইউ ডি গ্রহণকারী ১৫৮১ হার ২.৬৫%। ইম্প্লান্ট গ্রহণকারী ৩,৫৮৫ হার ৫.৯৯%। স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ ২,৩৪১ জন হার ৩.৯১%। মহিলা ৪৪৭২ জন হার ৭.৪৭%। সর্বমোট গ্রহণকারী ৪৭,৩৩৬ জন হার ৭৯.১৬%।<br>অত্র কার্যালয়টি সংস্কার অনুপযোগী ও ঝুকিপূর্ণ হয়ে গেছে। ভবনটির ছাদ দিয়ে ভিতরের রুমগুলোতে পানি পড়ে। ভিতরের রডগুলো ক্ষয় হয়ে যাওয়ায় এ পর্যন্ত দুটি সিলিং ফ্যান চলন্ত অবস্থায় পড়ে গিয়েছে। প্রতিনিয়ত ছাদের প্লাস্টার ধ্বসে পড়ছে। ভবনটি সংস্কার অনুপযোগী হওয়ায় বারবার লিখিত আবেদন প্রেরণের জন্য নির্দেশ প্রদান করেন। এমতবস্থায় উপজেলা পরিষদে পুরাতন ভবনের জায়গায় নতুন ভবন নির্মাণের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হলো। পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৯. | একাডেমিক সুপারভাইজার | একাডেমিক সুপারভাইজার সভায় জানান যে, বন্যার সময়ে শিক্ষা প্রতিষ্ঠানের তেমন কোন ক্ষতিগ্রস্থ হয়নি। মাধ্যমিক বিভাগের কার্যাক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১০. | পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, কেন্দুয়া সভায় জানান যে, বিশ্বব্যাপী জ্বালানীর অব্যাহত মূল্যবৃদ্ধি জনিত বিদ্যমান পরিস্থিতিতে বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ের নিমিত্তে রাত ৮.০০ টার পর সকল দোকান, মার্কেট, বিপনী বিতান, কাঁচা বাজার ইত্যাদি খোলা না রাখা, বিভিন্ন অনুষ্ঠান, বাসা বাড়িতে আলোকসজ্জা না করা,বর্তমানে লোডশেডিং ধৈর্যা ধারণ করা এবং লোডশেডিং কে পুজি করে কেউ বিশৃঙ্খলা করতে না পারে সেই দিকে লক্ষ রাখার জন্য সকলকে অনুরোধ করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | ডিজিএম. পল্লী বিদ্যুৎ সমিতি কেন্দুয়া |
| ১১. | উপজেলা মহিলা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি কর্মসূচির আওতায় কেন্দুয়া উপজেলার ১৩টি ইউনিয়নের ১৬২৫ জন | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা মহিলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিষয়ক অফিস | উপকারভোগীদের জুন/২২ মাস পর্যন্ত খাদ্য বরাদ্দাদেশ জারী করা হয়েছে। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় ও কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা ব্যাংকের মাধ্যমে ভাতাভোগীদের ভাতা বিতরণ কাজ চলমান আছে। তাছাড়া মহিলা প্রশিক্ষণ কেন্দ্র ডব্লিউ টি সি সেলাই ট্রেডে এবং আইজিএ ফ্যাশন ডিজাইন এবং বিউটিফিকেশন ট্রেডে জুলাই-সেপ্টেম্বর/২২ পর্যন্ত ৩ মাস মেয়াদে প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী বাছাই করা হয়েছে জুলাই/২২ মাসে । অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | বিষয়ক কর্মকর্তা |
| ১২. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কেন্দুয়া সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপের বরাদ্দ এই মাসের ভিতরে আসবে যা উপজেলা চেয়ারম্যান স্যার এবং ইউ এন ও স্যারের সাথে পরামর্শ করে ঘোষণা করা হবে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দ্রুত কাজ সম্পন্ন করার ব্যবস্থা নিতে হবে। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কেন্দুয়া, ও চেয়ারম্যান সকল ইউপি |
| ১৩. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, খেলাপী ঋণীদের খেলাপী ঋণ পরিশোধের জন্য তাগিদপত্র দেওয়া হয়েছে। তাগিদপত্র দেওয়ার কিছু কিছু খেলাপী ঋণী খেলাপী ঋণ পরিশোধ করেছেন। তাছাড়া ঋণ বিতরণ ও আদায় স্বাভাবিকভাবেই চলছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচি (৮ম পর্ব) এর সুবিধাভোগীদের সংযুক্তি প্রাপ্ত দপ্তর প্রধানকে যথাসময়ে কর্মপ্রত্যয়ন প্রদানের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা অনুরোধ করেন। তাছাড়া অফিস ভবনের সামনে ড্রেন হতে পানি নিষ্কাশন না হওয়ায় সর্বদা জলাবদ্ধতার সৃষ্টি হয়ে থাকে। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, জুলাই/২০২২ খ্রি: মাসে ঋণ আদায় ১০.০০ লক্ষ টাকা ও বিতরণ ৬.০০ লক্ষ টাকা। অত্র উপজেলায় কৃষক সমবায় সমিতি ও অন্যান্য প্রকল্পের বিপুল অংকের ঋণ খেলাপি হয়ে মাঠে পড়ে রয়েছে। তাই ঋণগুলো আদায়ের জন্য প্রত্যেক ইউপি চেয়ারম্যানদের কাছে সহযোগিতা চান। তিনি আরও বলেন যে. বিআরডিবি সদর কার্যালয়ের ২৭/০৭/২০২২ ইং তারিখের ৬০৭৪ নং স্মারক মূলে ৩ এপ্রিল ২০২২ খ্রি: মূলে পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সিদ্ধান্ত ও স্থানীয় সরকার বিভাগের ১৭/০৮/২০১৭৮ ইং তারিখের ৮৭৮ নং স্মারক মূলে বিআরডিবি'র জোড়াবাড়ীর শুরু হতে ভাড়া বিআরডিবি প্রাপ্য। কিন্তু উপজেলা পরিষদের নিকট বিআরডিবি বর্তমান পর্যন্ত ১৩.৫২ লক্ষ টাকা জোড়াবাড়ীর ভাড়া বাবদ পাওয়া রয়েছে। উক্ত টাকা শুরু থেকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হিসাবে জমা হয়েছে। সচিবালয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের যৌথ স্বাক্ষরে জোড়াবাড়ীর আলাদা ব্যাংক হিসাব খোলা হয়েছে বিধায় বকেয়া টাকা প্রদানের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অবহিত করেন। এছাড়াও জোড়াবাড়ীর বাসিন্দাদের বকেয়া বাসাভাড়া, বিদ্যুৎ বিল পরিশোধের জন্য ও তাদের নামে নতুনভাবে বাসাবরাদ্দ নেওয়ার জন্য ইতোপূর্বে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মহোদয়ের যৌথস্বাক্ষরে নির্দেশনা প্রদান করা হয়েছে। পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় আশুজিয়া ও বলাইশিমুল ইউনিয়নে ২টি করে মোট ৪টি স্কীম বাস্তবায়ন করা হয়েছে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, সমবায় বিভাগের কার্যাক্রম স্বাভাবিকভাবে হচেছ উল্লেখ্য যে, বটতলা আশ্রয়ন প্রকল্পের বসবাসরত উপকারভোগীদের গৃহ বরাদ্দের তালিকা অত্র দপ্তরে না থাকায় উক্ত প্রকল্পের সমিতি নিবন্ধনের কাজ শুরু করা সম্ভব হচ্ছে না। ফলে প্রকল্পটির জন্য বরাদ্দকৃত ঋণ প্রদান ও এর সাংগঠনিক কার্যাক্রম ব্যাহত হচ্ছে। এরুপ পরিস্থিতিতে উপকারভোগীদের গৃহ বরাদ্দের তালিকা অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৬. | আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় বলেন যে, ডিজিটাল বাংলাদেশ দিবস পুরস্কার ২০২২ এর বিষয়ে আলোচনা হয়েছে। আইসিটি খাতে ব্যক্তিগত বা দলগত কোন অবদান থাকলে উক্ত পুরস্কারের জন্য আবেদন করার জন্য অনুরোধ করা হয়েছে। এছাড়া যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল এ হালনাগাদ | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা সহকারী প্রোগ্রামার, |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিষয়ক | তথ্য নেই সে সকল দপ্তরকে দ্রুত তথ্য হালনাগাদের নির্দেশনা দেওয়া হয়েছে। | | |
| ১৭. | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত স্বপ্ন প্রসূত আমার বাড়ি আমার খামার প্রকল্পের স্থায়ীরুপ পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতায় নেত্রকোণা জেলার কেন্দুয়া উপজেলা শাখায় উপকারভোগীর সংখ্যা সর্বমোট ১৫৫৮৯ জন। মোট জনবলের সংখ্যা ২৪ জন। প্রতিদিন প্রায় ১৫০ হতে ২০০ জন উপকারভোগী অত্র শাখা হতে সেবা গ্রহণ করে থাকেন। বৈশ্বিক এই দুর্যোগকালীন সময়ের মধ্যে অত্র শাখার জনবল বিভিন্ন শ্রেণী পেশার উপকারভোগীদের নিরবিচ্ছিন্নভাবে সেবা প্রদান করে আসছে কিন্তু অত্র শাখায় পানীর কোন ব্যবস্থা না থাকায় বিভিন্ন ধরনের সমস্যার সম্মুখীন হতে হয়। তাই মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ পল্লী সঞ্চয় ব্যাংক কেন্দুয়া শাখায় পানির সুব্যবস্থা করার জন্য সম্মানিত সভাপতি মহোদয়ের বরাবর বিশেষ অনুরোধ করছি। এছাড়া দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৮. | চেয়ারম্যান উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ নিম্নে উল্লেখিত-প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করেন ক) উপজেলা পরিষদের দক্ষিণ পূব কোনায় ড্রেনেজ নির্মাণ প্রকল্প ।<br>খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের মেইন গেইটের রাস্তা আরসিসিকরণ প্রকল্প ।<br>গ) উপজেলা পরিষদের হল রুমের বাহিরের অংশ এবং পরিষদ জামে মসজিদের অযুখানা মেরামত প্রকল্প ।<br>ঘ) ১নং গেজেটেড কোয়ার্টারে ১ ও ২ নং ইউনিটের স্যানিটারী ব্যবস্থা রংকরণ ও অন্যান্য আনুষাঙ্গিক কাজকরণ প্রকল্প। | প্রকল্পগুলো পিআইসির মাধ্যমে বাস্তবায়নের এবংউপজেলা পরিষদের রাজস্ব তহবিলের রক্ষণাবেক্ষণ খাত হতে ব্যয় মেটানোর সবসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| ১৯. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদে কর্তনকৃত বিভিন্ন গাছের ডাল পালা, পরিষদ হলরুমের নষ্ট চেয়ার টেবিল ইত্যাদি নিলামে বিক্রয় করার জন্য সভায় প্রস্তাব করেন। | বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের ব্যবস্থা নেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| ২০. | চেয়ারম্যান গড়াডোবা ইউপি | চেয়ারম্যান গড়াডোবা ইউপি সভায় জানান যে, বিদ্যাবল্লভ বাজার হতে ভরা মাদ্রাসায় যাওয়ার পথে ১টি ব্রিজ আছে ব্রিজটি ভেঙে গেছে। এতে করে স্কুলের শিক্ষার্থীদের যাতায়াতের সমস্যা হচ্ছে। ব্রিজটি তৈরী করে দেওয়ার জন্য সভায় প্রস্তাব রাখেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| ২১. | চেয়ারম্যান মাসকা ইউপি | চেয়ারম্যান, মাসকা ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের কাজকম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই মর্মে সভায় জানান। | | চেয়ারম্যান মাসকা ইউপি |
| ২২. | চেয়ারম্যান রোয়াইলবাড়ী ইউপি | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি সভায় জানান যে, তার ইউপিতে করোনা ভ্যাকসিনের টিকার পরিমাণ কমে গেছে। এতে লোকজন টিকা দিতে পারছে না। তারা টিকা কেন্দ্রে এসে ঘুরে যাচ্ছে। রোয়াইল থেকে পাইকুড়া যাওয়ার পথে রাস্তাটি গর্ত হয়ে গেছে। রাস্তাটি মেরামত করার প্রস্তাব দেন। বয়স্ক, বিধবা ভাতার টাকা ২ বার আসার পর আর আসে নাই। এ বিষয়টিও দেখার প্রস্তাব রাখেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী এলজিইডি,উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ২৩. | চেয়ারম্যান উপজেলা পরিষদ | চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় বলেন যে, ক) বিদ্যুতের কিছু সমস্যা থাকায় এই অসহনীয় গরমে উপজেলা পরিষদ ও উপজেলা পরিষদ হলরুমে অফিস ও মিটিং করা সমস্যা হয় বিধায় উপজেলা পরিষদ অফিস ও উপজেলা পরিষদ হলরুমের জন্য ২টি আইপিএস ক্রয় করা হয়েছে। আইপিএস ২টি ক্রয়ের ব্যয়োত্তর অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>খ) উপজেলা পরিষদের অভ্যন্তরে সিসি ক্যামেরা স্থাপন মেরামত ও আনুষাঙ্গিক কাজকরণ প্রকল্প। | উপজেলা পরিষদ অফিস ও উপজেলা পরিষদ হলরুমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ২টি আইপিএস ক্রয় বাবদ ব্যয়োত্তর ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>খ) সংশ্লিষ্ট খাত হতে ব্যয় মেটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা |
| ২৪. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | জনাব মোফাজ্জল হোসেন ভূঞা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে উপজেলা পরিষদের চেয়ারম্যান, মুখ্য নির্বাহী কর্মকর্তা ও ভাইসচেয়ারম্যানদ্বয়ের অফিসে বসার জন্য উন্নত মানের ৪টি চেয়ার ক্রয়ের জন্য সভায় প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের চেয়ারম্যান, মুখ্য নির্বাহী কর্মকর্তা ও ভাইসচেয়ারম্যানদ্বয়ের অফিসে বসার জন্য উন্নত মানের ৪টি চেয়ার ক্রয়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| [illegible] | বিবিধ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা [illegible] ব্যয়ের অনুমোদনের জন্য প্রস্তাব করেন। ক) উপজেলা পরিষদ বাসাবাড়ি কমপ্লেক্সে ঝোপঝাড়, আগাছা, ড্রেন ও বিল্ডিংয়ের ছাদ ইত্যাদি পরিষ্কার কাজের বিল বাবদ ২২,৩৭৫/- টাকা চেক নং-৪২২৭২৪৩ মূলে জনাব মনিরুল ইসলাম পিপুল, অফিস সহায়ক, উপজেলা পরিষদকে প্রদান খ) উপজেলা পরিষদ অফিস কমপ্লেক্সে ঝোপঝাড়, আগাছা, ড্রেন ও বিল্ডিংয়ের ছাদ ইত্যাদি পরিষ্কার কাজের বিল বাবদ ২২,৩৭৫/- টাকা চেক নং-৪২২৭২৪৬ মূলে জনাব রঞ্জু মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদকে প্রদান। গ) উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা তথ্য সেবা কেন্দ্রের ল্যাট্রিন পরিষ্কারের বিল বাবদ-৪৪২৭/- টাকা, চেক নং-৪২২৭২৪৯ মূলে রতন বাসপাইকে প্রদান। ভাইস চেয়ারম্যান, মোফাজ্জল হোসেন সাহেবের কক্ষে ওয়াল ফ্যান ও ইলেকট্রনিক্স আনুষাঙ্গিক মালামাল ক্রয় বাবদ ৬৯৯৫/- টাকা চেক নং-৪২২৭২৫৫ মূলে জনাব রঞ্জু মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদকে প্রদান। উপজেলা পরিষদের সমন্বয় সভায় ব্যবহারের জন্য ক্রোকারিজ সামগ্রি ক্রয় বাবদ ২২,৩৭৫/- টাকা চেক নং-৪২২৭২৪৩ মূলে জনাব মনিরুল ইসলাম পিপুল, অফিস সহায়ক, উপজেলা পরিষদকে প্রদান। উপজেলা পরিষদের হল রুমের জন্য ৪টি ওয়াল ফ্যান ক্রয় বাবদ ১৯৬৯০/-টাকা চেক নং-৪২২৭২৬১ মূলে জনাব আমানউল্লা, স্টেনোটাইপিস্ট, উপজেলা পরিষদকে প্রদান। মহিলা ভাইস চেয়ারম্যানের রুমের জন্য ১টি ওয়াল ফ্যান এবং পরিষদ হলরুমের জন্য ১টি ওয়াল ঘড়ি ক্রয়ের বিল বাবদ ৯১২৯/-টাকা জনাব রঞ্জু মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদকে প্রদান। ২৬ জুলাই ২০২২ ঐতিহাসিক নাজিরপুর যুদ্ধ দিবস উদযাপন উপলক্ষে কেন্দুয়া বীরমুক্তিযোদ্ধাদের অংশগ্রহণের জন্য যাতায়াত ও আনুষাঙ্গিক খরচ বাবদ ১৭,০০০/- জনাব বজলুর রহমান, সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদকে চেক নং-৪২২৭২৬৭ মূলে প্রদান। উল্লেখ্য যে, প্রতিটি বিলের ভ্যাট ও আয়করের অর্থ ক্রস চেকের মাধ্যমে সংশ্লিষ্ট খাতে জমা করা হয়েছে। | উক্ত খরচকৃত অর্থ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | [illegible] উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখঃ ২৮জুলাই ২০২২ খ্রি.

স্মারক নং ০৫.৩০.৭২৪৭.০০৯.০৬.০০২.২২-৬৪০

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১। মাননীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা ।

(মাহমুদা বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখঃ ২৮ জুলাই ২০২২ খ্রি.

স্মারক নং ০৫.৩০.৭২৪৭.০০৯.০৬.০০২.২২- ৬৪০

<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা ।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৩। উপজেলা ........................................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৪। চেয়ারম্যান ........................................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৫। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা